

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.blp.gov.bd



স্মারক সংখ্যা: ৩৮.৩৯৯.০১৪.০০.০০.৬৫২.২০১৯ (অংশ-১)-৩৬৭

তারিখ: ২৬ মাঘ ১৪২৭
০৯ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় ধাপে মাঠ পর্যায়ে বাস্তবায়নধীন কর্মসূচির শিখন উপকরণের বর্তমান অবস্থা সরেজমিনে যাচাইপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় ধাপে মুজিব বর্ষ উপলক্ষ্যে নির্ধারিত ১৫-৪৫ বছর বয়সের ২১ (একুশ) লক্ষ নিরক্ষর কিশোর-কিশোরী ও বয়স্ক নারী-পুরুষকে মৌলিক সাক্ষরতা প্রদানের জন্য ৬০ জেলার নির্বাচিত ১১৪টি উপজেলাতে ৩৫ (পঁয়ত্রিশ) হাজার শিখনকেন্দ্র চালুর যাবতীয় প্রস্তুতি গ্রহণের পর ২৮ মার্চ ২০২০ তারিখে সকল শিখনকেন্দ্র একযোগে চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। দেশে করোনা ভাইরাস (COVID-19) এর প্রকোপ দেখা দিলে সরকার তা রোধকল্পে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেন। একই সাথে সকল প্রকার গণজমায়েত নিষিদ্ধ করেন। এ প্রেক্ষাপটে মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় পর্যায়ের শিখনকেন্দ্র ২৮ মার্চ ২০২০ তারিখে চালুর বিষয়টিও স্থগিত ঘোষণা করা হয় যা অদ্যাবধি অব্যাহত আছে।

২। শিখনকেন্দ্র চালুর জন্য শিক্ষার্থীদের বই (আমাদের চেতনা-১ম ও ২য় খন্ড), শিক্ষক সহায়িকা (আমাদের চেতনা-১ম ও ২য় খন্ড), অনুশীলন খাতা, বলপেন, রেজিস্টার খাতা, চক, ডাস্টার, হারিকেন, ব্লাকবোর্ড, সাইনবোর্ড, তালা-চাবি, বসার চট/মাদুর ইত্যাদি ক্রয়/সংগ্রহ/বিতরণের পর ইতোমধ্যেই ০১ (এক) বছরেরও অধিককাল অতিক্রান্ত হয়েছে। সরকারি সিদ্ধান্ত পাওয়া মাত্রই যাতে শিখনকেন্দ্র চালু করা সম্ভব হয় সেজন্য মাঠ পর্যায়ে সরবরাহকৃত শিখন উপকরণসমূহের বর্তমান অবস্থা জানা জরুরী।

৩। বর্ণিত অবস্থায় সরবরাহকৃত সকল শিখন উপকরণ এতদসঙ্গে সংযুক্ত ছক মোতাবেক সরেজমিনে যাচাইপূর্বক আগামী ২৫/০২/২০২১ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) বরাবর দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

(শামীমুল হক পাভেল)

প্রকল্প পরিচালক

মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)

ফোন: ০২-২২২২৮৫৭৮০

Sumeri

কার্যার্থে:

- ১। সহকারী পরিচালক (সংশ্লিষ্ট সকল)
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
কালেক্টরেট ভবন, জেলা.....।
- ২। উপজেলা প্রোগ্রাম অফিসার
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
উপজেলা....., জেলা.....।

অনুলিপি: সদয় অবগতির জন্য-

- ১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
- ২। প্রোগ্রামার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), ঢাকা (পত্রটি বিএলপি এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)

মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় ধাপে মাঠ পর্যায়ে শিখন কার্যক্রম পরিচালনার জন্য সরবরাহকৃত
শিখন উপকরণের বর্তমান অবস্থা যাচাই ছক:

বাস্তবায়নকারী NGO এর নাম ও ঠিকানা:

শিখনকেন্দ্রের সংখ্যা:

শিক্ষার্থীর সংখ্যা:

উপজেলার নাম:

জেলার নাম:

ক্র.নং.	শিখনকেন্দ্রের উপকরণের বিবরণ			মন্তব্য
	নাম	পরিমাণ	বর্তমান অবস্থা	
১.	শিক্ষার্থীদের বই (আমাদের চেতনা-১ম ও ২য় খন্ড)			
২.	শিক্ষক সহায়িকা (আমাদের চেতনা-১ম ও ২য় খন্ড)			
৩.	অনুশীলন খাতা			
৪.	বলপেন			
৫.	রেজিস্টার খাতা			
৬.	চক			
৭.	ডাস্টার			
৮.	হারিকেন			
৯.	ব্লাকবোর্ড			
১০.	সাইনবোর্ড			
১১.	শিখনকেন্দ্রের তালা-চাবি			
১২.	শিক্ষার্থীদের বসার চট/মাদুর			
১৩.	শিখনকেন্দ্র ঘর			
১৪.	শিক্ষক ও সুপারভাইজার			

যাচাইকারীর স্বাক্ষর ও নামসহ সীল